

■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ১৪৫০

২৪/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ২৪/৩৪, আলাদা আলাদা সম্পদকে একত্রিত করা যাবে না। আর একত্রিতগুলো আলাদা করা যাবে না

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللهِ الأنْصَارِيُّ قَالَ حَدَّثَنِي أَبِي قَالَ حَدَّثَنِي ثُمَامَةُ أَنَّ أَنَسًا حَدَّثَهُ أَنَّ أَنَسًا حَدَّثَهُ أَنَّ أَنَسًا حَدَّثَهُ أَنَّ أَبَا بَكْرٍ كَتَبَ لَهُ الَّتِي فَرَضَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم وَلاَ يُجْمَعُ بَيْنَ مُتَفَرِّقٍ وَلاَ يُخْرَقُ بَيْنَ مُتُفَرِّقٍ وَلاَ يُفَرَّقُ بَيْنَ مُجْتَمِعٍ خَشْيَةَ الصَّدَقَةِ

বাংলা

সালিম (রহ.) হতে ইবনু 'উমার (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে অনুরূপ উল্লেখ করা হয়েছে।

১৪৫০. আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যাকাত সম্পর্কে যে বিধান দিয়েছেন তা আবূ বকর (রাঃ) তাঁর নিকট লিখে পাঠান, যাকাতের (পরিমাণ কম-বেশি হওয়ার) আশংকায় বিচ্ছিন্ন [1] (প্রাণী)-গুলোকে একত্রিত করা যাবে না এবং একত্রিতগুলোকে বিচ্ছিন্ন করা যাবে না। (১৪৪৮) (আধুনিক প্রকাশনীঃ ১৩৫৭, ইসলামিক ফাউন্ডেশনঃ ১৩৬৩)

English

Narrated Anas:

Abu Bakr wrote to me what was made compulsory by Allah's Messenger (ﷺ) and that was (regarding the payments of Zakat): Neither the property of different people may be taken together nor the joint property may be split



for fear of (paying more, or receiving less) Zakat.

ফুটনোট

[1] যাকাত এড়ানোর জন্য বিচ্ছিন্ন অবস্থা থেকে একত্র করার ঘটনাকে নিম্নোক্তভাবে ব্যাখ্যা করা যায়ঃ

দু'জন লোকের ৫০টি করে ছাগল আছে। কাজেই তাদের প্রত্যেকের অংশে একটি করে ছাগল যাকাত হিসেবে দেয়। তারা দু'জনে তাদের ছাগলগুলোকে যদি এক সাথে করে ফেলে তাহলে মাত্র ১টি ছাগল যাকাত হিসেবে দিতে হবে, কেননা ১০০টি ছাগলে ১টি ছাগলই যাকাত হিসেবে দেয়।

একত্র অবস্থা থেকে বিচ্ছিন্ন করার ঘটনাকে এভাবে ব্যাখ্যা করা যায়:

সমান অংশীদারিত্বে দু'জন অংশীদারের ৫০টি ছাগল আছে। এক্ষেত্রে ১টি ছাগল যাকাত হিসেবে দেয়। যদি তারা ছাগলগুলি ২৫টি করে ভাগ করে ফেলে তাহলে যাকাত এড়াতে পারে, কেননা ৪০টির কমে যাকাত হয় না। তেমনিভাবে যাকাত আদায়কারীরও মানুষের সম্পদ একত্রিত করা বা বিচ্ছিন্ন করা অনুচিত। ২ জনের ৩০টি করে ছাগল থাকলে কারো যাকাত লাগবে না, এক্ষেত্রে আদায়কারীর পক্ষে ২ পাল ছাগলকে ১ পাল দেখিয়ে যাকাত হিসেবে একটি ছাগল আদায় করা অবৈধ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন